

# এমবিবিএস প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

। ঢাকা, বুধবার, ১৬ অক্টোবর ২০১৯

সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজের এমবিবিএস প্রথম বর্ষে (২০১৯-২০) ভর্তি পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। প্রায় সাড়ে ১০ হাজার আসনের বিপরীতে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন ৪৯ হাজার ৪১৩ জন। গকতাল বিকেলে স্বাস্থ্য অধিদফতরের সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনে এই ফল ঘোষণা হয়। পরে রাতে উত্তীর্ণ সবার মোবাইল নম্বরে ফলাফলের তথ্য পাঠানোর পাশাপাশি ওয়েবসাইটেও ফল প্রকাশ করা হয়। উত্তীর্ণদের মধ্যে পরীক্ষায় সর্বোচ্চ নম্বর পেয়েছেন ৯০.৫। তিনি ছেলে শিক্ষার্থী। মেয়েদের মধ্যে সর্বোচ্চ নম্বর পেয়েছেন ৮৯।

সংবাদ সম্মেলনে ফল ঘোষণা করে স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক আবুল কালাম বলেন, এবার ৭২ হাজার ৯২৮ পরীক্ষার্থী প্রবেশপত্র নিয়েছিলেন। পরীক্ষায় অংশগ্রহণ করেন ৬৯ হাজার ৪০৫ জন। তাদের মধ্যে উত্তীর্ণ হয়েছেন ৪৯ হাজার ৪১৩ জন। যারা ৪০-এর বেশি নম্বর পেয়েছেন, তারাই উত্তীর্ণ হয়েছেন। উত্তীর্ণদের মধ্যে ছেলে ২২ হাজার ৮৮২ (৪৬.১৩ শতাংশ) ও মেয়ে ২৬ হাজার ৫৩।

(৫৩.৬৯ শতাংশ)। তান জ্ঞান, উত্তোর্ণ মেধাক্রম অনুসারে সরকারি মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পাবেন। বাকিরা বেসরকারি মেডিকেল কলেজে ভর্তি হতে পারবেন। ৩৬টি সরকারি মেডিকেল কলেজে আসন্ন রয়েছে ৪ হাজার ৬৮টি আর বেসরকারি ৭০টি মেডিকেল কলেজে ৬ হাজার ৩৩৯টি।